# সবুজ রঙ

*সবুজ রঙ দেখেননি কিংবা জানেন না এমন মানুষ পাওয়া বেশ দুষ্কর। বাংলাদেশের জাতীয় পতাকায় রয়েছে সবুজ রঙের আধিক্য। সবুজ রঙের কথা মাথায় আসলেই আমরা প্রকৃতিকে বুঝি। তবে এই রঙ সম্পর্কে অনেক কিছু অজানা রয়েছে। শিশিরি রহমানের প্রতিবেদনে এবারের আয়োজনে সে সম্পর্কে জানানোর চেষ্টা করবো।*

## ঘাসের রঙ সবুজ কেন

মাঠভর্তি সবুজ ঘাস দেখতে আমাদের সকলের খুব ভালো লাগে। তবে কখনো কী ভেবেছেন ঘাস কেন সবুজ হয়! ঘাস সবুজ হওয়ার কারণ অর্গানেল নামক কোষীয় উপাদান এবং সালোকসংশ্লেষণ, যা ব্যবহার করে উদ্ভিদ সূর্যালোকের সাহায্যে নিজেদের খাবার প্রস্তুত করে। ক্লোরোফিল অণুগুলো আলোর নির্দিষ্ট কিছু তরঙ্গ দৈর্ঘ্য, যেমন লাল (দীর্ঘ তরঙ্গ দৈর্ঘ্য) এবং নীল (ছোট তরঙ্গ দৈর্ঘ্য) শোষণ করে। তবে ইলেক্ট্রোম্যাগনেটিক স্পেকট্রাম বা বর্ণালির সবুজ অংশ আলো দ্বারা শোষিত হয় না; যার কারণে পাতা, ঘাস এবং অধিকাংশ উদ্ভিদকে আমরা সবুজ দেখি।

## পুকুরের পানি সবুজ কেন

পানি বলতেই আমরা নীল রঙকে বোঝাই। তবে পুকুরের পানি কেন সবুজ হয় তা কী আমরা জানি! সাধারণত সূর্যের আলোর ৭টি রঙ এর জন্য দায়ী। এছাড়াও পুকুরের পানি সবুজ হওয়ার কারণ পুকুরের পানি আবদ্ধ থাকে, যার ফলে অসংখ্য ফাইটোপ্লাংটন আবদ্ধ হয়ে পানির ওপর স্তর সৃষ্টি করে এবং যখন সেই স্তরে আলো পড়ে পানি সবুজ দেখায়।

## অস্ট্রিয়ার সবুজ মসজিদ

ইউরোপে জাতিভিত্তিক রাষ্ট্র অস্ট্রিয়া। রোমান ক্যাথলিকদের পরেই দেশটিতে ইসলাম হচ্ছে দ্বিতীয় বৃহত্তম ধর্ম। প্রায় ১০০ বছর আগে ইসলাম ধর্মকে রাষ্ট্রীয়ভাবে স্বীকৃতি দিয়ে সেখানে বসবাসকারী মুসলমানদের নাগরিক হিসেবে স্বীকৃতি জানায় দেশটি। ভিয়েনার কোল ঘেঁষে বয়ে গেছে বিখ্যাত দানিউব নদী। এর অসাধারণ সুন্দর পাড়েই বিখ্যাত ভিয়েনা ইসলামিক সেন্টার ও মসজিদের অবস্থান। মসজিদটিতে রয়েছে বিশাল সবুজ রঙের গম্বুজ। ১৯৭৯ সালে সৌদি বাদশাহ ফয়সাল বিন আবদুল আজিজ আল সৌদের আর্থিক সহায়তায় মসজিদটি নির্মাণ করা হয়।

## সবুজ চোখের মণি

কালো কিংবা বাদামি রঙের চোখের মণি আমরা সকলেই হরহামেশা দেখি। তবে দুস্প্রাপ্য যত চোখের মণি আছে তার মধ্যে সবুজ অন্যতম। তবে অনেকের মনে প্রশ্ন আসতেই পারে, কেন চোখের মণির রঙ সবুজ হয়। চোখের মণির রঙ নির্ধারণ করা হয় মেলানিনের পরিমাণ, চোখের প্রোটিনের ঘনত্ব এবং চারপাশে ছড়িয়ে থাকা আলোর ওপর। চোখের রঙ মোট ৯টি বিভাগে বিভক্ত, যেখানে ১৬টি জিন থাকে এবং যাদের মধ্যে ওসিএ২ জিনের পরিমাণ বেশি থাকে তাদের চোখের মণি সবুজ হয়। সবুজ রঙের মণি বংশগতভাবে হয়ে থাকে।

## ধর্মীয় দৃষ্টিতে সবুজ রঙ

পৃথিবীর প্রায় সর্বত্র ইসলামী শিল্পকলা ও স্থাপত্যের অস্তিত্ব রয়েছে। ইসলামী শিল্প ও স্থাপত্য যেমন তার শৈলী ও নান্দনিকতায় স্বতন্ত্র, তেমনি এতে রঙের ব্যবহারও ব্যতিক্রম। তবে সবগুলো বিষয়ের মাঝে একটি বিশেষ মিল রয়েছে তা হলো সবুজ রঙের ব্যবহার। খেয়াল করলে দেখা যায়, পৃথিবীতে অধিকাংশ মসজিদের গম্বুজ সবুজ। এছাড়াও অধিকাংশ মুসলিম দেশগুলোর জাতীয় পতাকার রঙ সবুজ। যার কারণ ইসলামে সবুজ রঙের বিশেষ তাৎপর্য রয়েছে। ইসলামী সভ্যতায় সবুজকে একটি পবিত্র রঙ হিসেবে বলা হয়েছে, এছাড়াও সবুজ রঙ জান্নাতের প্রতি ইঙ্গিতবাহী। মুসলিম ধর্মবিশ্বাস অনুযায়ী জান্নাতিদের পোশাকের রঙ হবে সবুজ।

## সবুজ রঙের সাইকোলজি

ব্যক্তি বিশেষে ভিন্ন ভিন্ন রঙ পছন্দ। কেউ লাল, কেউ সাদা আবার কারোর পছন্দ সবুজ রঙ। মনস্তাত্ত্বিকদের মতে, পছন্দের রঙ মানুষের ব্যক্তিত্ব গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। কার কী রঙ পছন্দ তা থেকে ধারণা করা যায়, কে কেমন প্রকৃতির মানুষ। তবে যারা সবুজ রঙ পছন্দ করেন তারা যেমন প্রকৃতিপ্রেমী হন তেমনই নিজের অর্থ, নিরাপত্তা বিষয়েও খুবই সচেতন হন। এছাড়াও তারা যেমন মন দিয়ে নিজেদের কাজ করেন, তেমনই অপরকেও উৎসাহ দিতে ভোলেন না। সেই সঙ্গে তারা কিন্তু বেশ অ্যাডভেঞ্চার প্রিয়, ব্যক্তিসম্পন্ন হয়।

## মাছের চোখ সবুজ

পৃথিবীতে বিভিন্ন রঙের মাছ পাওয়া যায়। কখনো কী সবুজ চোখওয়ালা মাছ দেখেছেন? অবিশ্বাস্য হলেও সত্যি কানাডার নোভা স্কশিয়ার তরুণ জেলে স্কট টার্নারের জালে ধরা পড়ে এমন একটি মাছ। স্কট জানায় সবুজ চোখের এমন অদ্ভুত মাছ এই প্রথম তিনি দেখেন। অদ্ভুত মাছটি সম্পর্কে হ্যালিফ্যাক্সের মিউজিয়াম অব ন্যাচারাল হিস্ট্রির প্রাণিবিদ্যা বিভাগের তত্ত্বাবধায়ক অ্যান্ড্রু হেবডা বলেন, উত্তর আটলান্টিক মহাসাগরে কাইমেরা গণভুক্ত তিনটি প্রজাতির মাছ রয়েছে। সবুজ চোখওয়ালা অদ্ভুত মাছটি সম্ভবত তাদেরই একটি। তরুণাস্থিধারী এই আদি জাতের মাছের সঙ্গে হাঙরের অনেক মিল আছে। কাইমেরার চোখের রেটিনার গঠনটাই এমন, যাতে সাগরতলের খুব কম আলোয়ও এরা খাবার খুঁজে পায়। আর বেশি আলোয় যাওয়ার সঙ্গে সঙ্গে চোখের উজ্জ্বলতা কমতে শুরু করে এদের।

## সবুজ শহর ভিয়েনা

আমরা মসজিদের শহর, বানরের শহর, গুহার শহর, সমুদ্রের শহর সম্পর্কে তো শুনেছি; সবুজ শহর সম্পর্কে কী আমরা শুনেছি। এমন এক শহর হচ্ছে অস্ট্রিয়ার রাজধানী ভিয়েনা। শহরটি সবুজ বনায়নের পরিধি, নবায়নযোগ্য জ্বালানি, বাতাসে দূষণের পরিমাণ, গণপরিবহন ব্যবস্থা, পথচারীবান্ধব রাস্তার কারণে এই উপাধি পায়। এছাড়াও ভিয়েনার গণপরিবহন ইউরোপের জন্য একটি মানদণ্ড হিসেবে পরিচিত। ভিয়েনা শহরের পার্ক এবং সবুজ বনায়ন সবার জন্য উন্মুক্ত, যা ভিয়েনার জনগণের জীবনযাত্রার মান উন্নত করতে সাহায্য করে। এছাড়াও গত কয়েক বছর পৃথিবীর বাসযোগ্য শহরের তালিকায় অস্ট্রিয়ার রাজধানী ভিয়েনা শীর্ষ স্থান দখল করে আছে।

## নাইট ভিশনে কেন সবুজ আলো

রাতের দৃষ্টি, সামরিক অভিযান, আইন প্রয়োগ, নজরদারিসহ বিভিন্ন ক্ষেত্রে নাইট ভিশন বিপ্লব ঘটিয়েছে। যার সাহায্যে কম-আলো বা সম্পূর্ণ অন্ধকারে পরিষ্কারভাবে দেখা যায়। কিন্তু নাইট ভিশনে সবুজ রঙ ব্যবহার করা হয় কেন? নাইট ভিশনে সবুজ রঙ ব্যবহার করার কারণ, সবুজ রঙ রাতে ছবির গুণমান বাড়ায়, চোখের স্ট্রেস এবং ক্লান্তিও কমায়। যেহেতু সবুজ রঙের কারণে কম আলোতে চোখ যেকোনো পরিস্থিতি মানিয়ে নিতে পারে।

## আয়ারল্যান্ডের সবুজ দিবস

প্রতিবছর শিকাগোর জার্নিমেন প্লাম্বারস ইউনিয়ন শিকাগো নদীতে সবুজ পরিবেশবান্ধব রঙ দিয়ে নদীর পানিকে সবুজ করা হয়। ১৯৬১ সাল থেকে চলে আসছে এই রীতি। আয়ারল্যান্ডের ধর্মগুরুর স্মরণে দেশটির ঐতিহ্যবাহী সবুজ রঙকে প্রতীক হিসেবে ধারণ করা হয়। পাশাপাশি সেইন্ট প্যাট্রিকস ডে প্যারেডও হয় জমকালো আয়োজনে। আইরিশ জনগণ বিশ্বের বিভিন্ন স্থান থেকে এই উৎসবে অংশগ্রহণ করেন। এদিন আয়ারল্যান্ডের লোকগাঁথার চরিত্রের মতো সবুজ পোশাক পরেই উৎসবটি পালন করা হয়। এমনকি সবুজ রঙের আইরিশ খাবার ও পানীয় থাকে বেশিরভাগ মানুষের হাতে।

## সবুজ রঙ মৃত্যু বন্ধের কারণ

ঘর সাজানোর সময় আমরা এমন রঙ বেছে নেওয়ার চেষ্টা করি যা আমাদের মনের মতো হবে। রঙ মানুষের উপর সরাসরি এবং শক্তিশালী প্রভাব ফেলে। তবে কখনো কী শুনেছেন রঙ মৃত্যু বন্ধের কারণ? সেই আজব ঘটনাটি ঘটেছে লন্ডনের ব্ল্যাকফ্রিয়ার ব্রিজে। ১৯৬০ এর দশকে এই ব্রিজ থেকে লাফ দিয়ে প্রতিদিন অনেক মানুষ আত্মহত্যা করতো, যার কারণে তৎকালীন সরকার সেতুটি সবুজ রঙ করে। তারপর থেকে সেই সেতুটি থেকে লাফ দেওয়ার প্রবণতা ৩৪ শতাংশ কমে যায়।

## স্টক মার্কেটে সবুজ রঙের প্রভাব

স্টক মার্কেট যার নাম শুনলে অনেকের মনে ভয় আবার অনেকের মনে টাকার চিন্তা আসে। তবে এশিয়ার সঙ্গে উত্তর আমেরিকার স্টকের রঙ কিন্তু একই অর্থ বহন করে না। উত্তর আমেরিকার স্টক মার্কেটে, সবুজ রঙ স্টকের দামের বৃদ্ধি নির্দেশ করতে ব্যবহৃত হয়। তবে পূর্ব এশিয়ার স্টক মার্কেটে, সবুজ রঙ স্টকের দামের হ্রাস নির্দেশ করে।